মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১১৯৫ তারিখ : ২০/০৭/২০২০

বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০২০-২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে online এর মাধ্যমে ভর্তির আবেদন, ফল প্রকাশ ও ভর্তির সময়সূচি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ২০২০-২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির কার্যক্রম নিম্নবর্ণিত সময়সূচি অনুসারে অনুষ্ঠিত হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবক, অপারেটরসহ সকলকে অবশ্যই স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ভর্তির জন্য নিম্নোক্ত সময় সূচি অনুসরণ করতে হবে:

ক্রমিক	বিষয়	তারিখ
৬.১	ভর্তির অন-লাইনে আবেদন গ্রহণ	৯/০৮/২০২০ (রবিবার)থেকে ২০/০৮/২০২০ (বৃহস্পতিবার) (১৫/০৮/২০২০ জাতীয় শোক দিবসে অনলাইন সার্ভিস ও কল সেন্টারবন্ধ থাকবে)
৬.২	১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ	২৫/০৮/২০২০ (মঙ্গলবার রাত ৮ঃ০০ টায়)
৬.৩	শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ১ম পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে)	২৬/০৮/২০২০ (বুধবার) থেকে ৩০/০৮/২০২০ (রবিবার রাত ৮ঃ০০ পর্যন্ত)
৬.৪	২য় পর্যায়ের আবেদন গ্রহণ	৩১/০৮/২০২০ (সোমবার) থেকে ০২/০৯/২০২০ (বুধবার রাত ৮ঃ০০ পর্যন্ত)
৬.৫	পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ	০৪/০৯/২০২০ (শুক্রবার রাত ৮ঃ০০ টায়)
৬.৬	২য় পর্যায়ের আবেদনের ফলপ্রকাশ	০৪/০৯/২০২০ (শুক্রবার রাত ৮ঃ০০ টায়)
৬.৭	২য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ২য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে)	০৫/০৯/২০২০ (শনিবার) থেকে ০৬/০৯/২০২০ (রবিবার বিকাল ৫ঃ০০ পর্যন্ত)
৬.৮	৩য় পর্যায়ের আবেদন গ্রহণ	০৭/০৯/২০২০ (সোমবার) থেকে ০৮/০৯/২০২০ (মঙ্গলবার)
৬.৯	পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ	১০/০৯/২০২০ (বৃহস্পতিবার রাত ৮ঃ০০ টায়)
৬.১০	৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	১০/০৯/২০২০ (বৃহস্পতিবার রাত ৮ঃ০০ টায়)
৬.১১	৩য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ৩য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে)	১১/০৯/২০২০ (শুক্রবার) থেকে ১২/০৯/২০২০ (শনিবার রাত ৮ঃ০০ পর্যন্ত)
৬.১২	কলেজ ভিত্তিক চূড়ান্ত ফল প্রকাশ	১৩/০৯/২০২০ (রবিবার সকাল০৮ঃ০০টায়)
৬.১৩	ভর্তি	১৩/০৯/২০২০ (রবিবার) থেকে ১৫/০৯/২০২০ (মঙ্গলবার)

Admission website: http://www.xiclassadmission.gov.bd

আবেদনকারীগণ নিম্নবর্ণিত পেমেন্ট অপারেটরের মাধ্যমে আবেদন ফি প্রদান করতে পারবে।

Payment Operators:

1. Nagad 2. Sonali Bank 3. Teletalk 4. bKash 5. Sure Cash 6. Rocket

ক. একজন শিক্ষার্থীকে কমপক্ষে ০৫(পাঁচ) টি কলেজে পছন্দক্রম অনুসারে আবেদন করতে হবে তবে সর্বোচ্চ ১০(দশ) টি কলেজে পছন্দক্রম অনুসারে আবেদন করতে পারবে।

খ. মেধা এবং পছন্দক্রম অনুসারে শিক্ষার্থী নির্দিষ্ট কলেজে ভর্তির জন্য মনোনীত হবে।

20.07.2020

প্রফেসর মু. জিয়াউল হক
চেয়ারম্যান, আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি
ও
চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি

২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির আবেদন দাখিলের জন্য করণীয়ঃ

আবেদন পদ্ধতি	(ক) নিম্নলিখিত নিয়মে আবেদন Submit করতে হবে। ১. টেলিটক/বিকাশ/শিওরক্যাশ/নগদ/সোনালী ব্যাংক/রকেট এর আবেদন ফি ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) জমা দেয়ার পর আবেদনকারীকে নির্ধারিত website-এ (www.xiclassadmission.gov.bd) যেয়ে "Apply Online" Button-এ ক্লিক করতে হবে; এরপর প্রদর্শিত তথ্য ছকে এসএসসি/সমমান পরীক্ষার রোল নম্বর, বোর্ড, পাসের সন ও রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। আবেদনকারীর দেয়া তথ্য সঠিক হলে তিনি তার ব্যক্তিগত তথ্য ও এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত GPA দেখতে পাবেন। ২. এরপর শিক্ষার্থীর Contact Number (ফি প্রদানের সময় শিক্ষার্থী প্রদত্ত নিজের/অভিভাবকের মোবাইল নম্বর) এবং প্রযোজ্য ক্ষেত্রে কোটা দিতে হবে। ৩. অতঃপর তাঁকে ভর্তিচ্ছু শিক্ষা প্রতিষ্ঠান, গ্রুপ, শিফট এবং ভার্সন Select করতে হবে। এভাবে শিক্ষার্থী সর্বোচ্চ ১০টি ও সর্বনিম্ন ৫টি কলেজ/মাদরাসা Select করতে পারবে। এই ফরমে আবেদনকারী তাঁর সকল আবেদনের পছন্দক্রমও নির্ধারণ করতে পারবেন। ৪. এরপর আবেদনকারী "Preview Application" Button-এ ক্লিক করলে তার আবেদনকৃত কলেজসমূহের তথ্য ও পছন্দক্রম দেখতে পারবেন। ৫. Preview-এ দেখানো তথ্যসমূহ সঠিক থাকলে আবেদনকারী "Submit" Button-এ ক্লিক করবেন। ৬. আবেদনটি সফলভাবে Submit করা হলে আবেদনকারী তাঁর প্রদত্ত Contact Number-এর মোবাইলে একটি নিশ্চিতকরণ SMS পাবেন এবং যাতে একটি সিকিউরিটি কোড (Security Code) থাকবে। এই Security Code টি গোপনীয়তা ও সতর্কতার সাথে সংরক্ষণ করতে হবে, যা পরবর্তীতে আবেদন সংশোধন ও ভর্তি সংক্রান্ত কাজে ব্যবহার করতে হবে। ৭. আবেদনকারী চাইলে তাঁর আবেদনসমূহের তথ্যাদিসহ উক্ত ফরমটি Download করে প্রিন্ট (Print) নিতে পারবেন। (খ) উপরের নির্দেশনা অনুযায়ী এসএসসি/সমমান পরীক্ষার রোল নম্বর, বোর্ড, পাসের সন ও রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে এন্ট্রি দেয়ার পরও শিক্ষার্থীর ব্যক্তিগত তথ্য ও এসএসসি পরীক্ষার GPA দেখতে না পেলে, তাঁকে আবেদন ফি ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) জমা দেয়ার Transaction ID টি এন্ট্রি দিতে হবে এবং ফি প্রদানের জন্য তিনি যেই অপারেটর (টেলিটক/বিকাশ/শিওরক্যাশ / নগদ/সোনালী ব্যাংক/রকেট) ব্যবহার করেছে তাকে Select করতে হবে। পরবর্তীতে ৩০ মিনিট পর ইন্টারনেটে আবেদন করার জন্য পূর্বে উল্লেখিত পদ্ধতিতে অনুসরণ করতে হবে।
কোটা (প্রযোজ্য ক্ষেত্রে)	মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের জন্য কোটায় (FQ) ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থী তথ্য-ছকের নির্দিষ্ট স্থানে FQ কোটা Select করবেন। কোটায় আবেদনের ক্ষেত্রে <u>যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ পত্র থাকতে হবে</u> এবং পরবর্তীতে কলেজ/মাদ্রাসা কর্তৃক যাচাইকরণ হবে বিধায় কোটার অপশন (Option) দেয়ার ক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে।
পছন্দক্রম পরিবর্তন	একজন আবেদনকারী সর্বোচ্চ ৫(পাঁচ) বার ইন্টারনেটে ঢুকে কলেজের পছন্দক্রম এবং কলেজ পরিবর্তন করতে পারবে।

২৪/০৭/২০২০

(প্রফেসর মুঃ জিয়াউল হক)
সভাপতি
আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি ও
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।